

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সেপ্টেম্বর-অক্টোবর/২২ সভার
কার্যবিবরণীঃ

তারিখ : ২৭/০৯/২২ ইং।

সময় : ১২.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, অত্র উপজেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক জাতীয় যুব দিবস পালন করা হবে। পরে সভাপতি মহোদয় উক্ত আয়োজনের জন্য সন্তোষ প্রকাশ করেন এবং উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজারকে ধন্যবাদ জানান।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মিতালী দত্ত)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার